দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR. 4 .. 1999 ...
পৃষ্ঠা ২৮ .. কলাম ... ৫...

70

# ইসলামী ভার্সিটিতে সকল দুর্নীতি ও অনিয়ম দূর করতে ছাত্র লীগের দাবী

ইঃ বিঃ রিপোর্টার ঃ ছাত্র লীগ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা অবিলম্বে ক্যাম্পাসের অস্থিতিশীল পরিবেশ নিরসন করে সুষ্ঠু পরিবেশে একাডেমিক কার্যক্রম গতিশীল করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি আহবান জানিয়েছে। সকল দুর্নীতি, অনিয়মের মূলোৎপাটন করে প্রশাসনের জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করার দাবী জানিয়েছে। গতকাল (বুধবার) সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয় প্রেস কর্নারে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে ছাত্রলীগ ১২ দফা দাবী ঘোষণা করে। ছাত্র লীগ ইঃ বিঃ শাখা সভাপতি জহুরুল ইসলাম মিল্টন সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। সেক্রেটারী আঃ হান্নান, সহ-সভাপতি বি এম রাকেল বিভিন্ন প্রশ্নের জবাব দেন। ছাত্র লীগের অন্যান্য দাবীর মধ্যে রয়েছে সকল সন্ত্রাসী কর্মকাণ্ডের বিচার, নতুন পরিবহন প্রশাসক নিয়োগ, মুজিব হলের সামনে শেখ মুজিবের প্রতিকৃতি নির্মাণ, মুক্তিযোদ্ধা ও সাংস্কৃতিক কোটার সংখ্যা বৃদ্ধি প্রভৃতি।